দৈনিক ইনকিলাব

তারিখ 31 JAN 1992
পৃষ্ঠা ৫ কলাম ৬

# শিক্ষাঙ্গন

## ধর্মীয় শিক্ষকদের বেতন বৈষম্য

সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের কামিল পাস ক্লাসিক্যাল শিক্ষক ও বিএবিএড পাস জুনিয়র শিক্ষকদের সহকারী শিক্ষকদের সমপর্যাদা ও সমবেতনের দাবী ছিল দীর্ঘদিনের। পরিশেযে শিক্ষা মন্ত্রণালয়ের একটি আদেশের পরিবর্তে দুটি আদেশ জারি করার ফলে আবার বেতন বৈষম্য সৃষ্টি হল। এমনকি আজীবন একই বেতন স্কেলভুক্ত সিনিয়র ক্লাসিক্যাল শিক্ষক, হেড মাওলানা এবং হেড পণ্ডিতের বেতন স্কেলেও পাহাড় পরিমাণ বেতন বৈষম্য সৃষিট হয়েছে। নিম্নে শিক্ষা মন্ত্রণালয়ের দু'টি আদেশ এবং এর প্রতিক্রিয়া উল্লেখ করা হল। যেমন শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ নং শা ৫/৩ পি-২/৮৪/৪৪ শিক্ষা তাং ১১/১/৮৬ অনুযায়ী বিএবিএড ডিগ্রীধারী জুনিয়র শিক্ষকগণকে তাদের বিএড পাসের তারিখ হতে সহকারী শিক্ষকদের সমমর্যাদা ও সমবেতন ৬২৫/- টাকা যা পরবর্তী স্কেলে ১৩৫০/- টাকার স্কেল প্রদান করা হয়েছে। অপর দিকে কামিল পাস ধর্মীয় শিক্ষকগণের জন্য সহকারী শিক্ষকদের সমমর্যাদা ও সমবেতন স্কেল প্রদানের উদ্দেশ্যে শিক্ষামন্ত্রণালয়ের অপর একটি আদেশ নং ৪-১৬-৩৬/৮৮/২৪ শিক্ষা তাং ৭/১/৯০ ইং অনুযায়ী আদেশ প্রদান করা হয়েছে যে, ধর্মীয় শিক্ষকগণ ২৪/৭/৮৪ তারিখ থেকে সহকারী শিক্ষকদের সমমর্যাদা ও সমবেতন ৬২৫/- টাকা যা পরবর্তী স্কেলে ১৩৫০/- টাকার স্কেল প্রাপ্ত হবেন। এতে ধর্মীয় শিক্ষকগণের কোন আর্থিক সুবিধা হয়নি। কারণ তারা ইতিপূর্বে জুনিয়র স্কেলে টাইম স্কেল পেয়ে ১৩৫০/- টাকা স্কেলের শেষ সীমায় পৌঁছে গেছেন। অপরদিকে বিএড পাস জুনিয়র শিক্ষকদের জন্য জারিকৃত উল্লেখিত আদেশে ৬২৫/- টাকা যা ১৩৫০/- টাকার স্কেলটি তাদের বিএড পাসের তারিখ থেকে কার্যকরীর নির্দেশ দেয়ায় তারা উচ্চতর স্কেলে টাইম স্কেল পেয়ে বর্তমানে ২৪০০/- টাকার স্কেলে বেতন পাচ্ছেন। তদ্রুপ কামিল পাস ধর্মীয় শিক্ষকদের জন্যও যদি তাদের কামিল পাসের তারিখ হতে আদেশটি কার্যকারীতার নির্দেশ দেয়া হত তাহলে বেতন বৈষম্য দূর হত এবং জুনিয়র বিএবিএড পাস শিক্ষকদের সমান বেতন পেতেন।

আশ্চর্য্যের ব্যাপার হলো উল্লেখিত দু'টি সরকারী আদেশে স্কেল প্রাপ্তির দু'রকম সময়সীমা নির্ধারণ করার ফলে একই স্কেলভুক্ত সিনিয়র ক্লাসিক্যাল শিক্ষক, একজন বিএড পাস হেড পণ্ডিত এবং কামিল পাস হেড মাওলানার বেতন স্কেলও, আকাশপাতাল বৈষম্য সৃষ্টি হয়েছে। উল্লেখিত অর্ডার বলে একজন হেড পণ্ডিত পাচ্ছেন ২৪০০/- টাকার বেতন স্কেল এবং বর্তমানে স্কেল জাতীয় বেতন স্কেলে ৪১০০/- টাকার স্কেলে আর একজন হেড মাওলানা পাচ্ছেন ১৩৫০/- টাকা স্কেলে এবং নতুন জাতীয় বেতন স্কেলে পাবেন ২৩০০/- টাকার স্কেল। স্কেল ২৩০০/- টাকা এবং যারা ২০/২২ বৎসর পূর্বে চাকুরী নিয়েছেন তারাও পাবেন ২৩০০/- টাকার বেতন স্কেল যেখানে টাইম স্কেল বর্তমান আছে। এটা কখনো কাম্য হতে পারে না এবং ন্যায় সঙ্গত নয়। যদি একই আদেশে বলা হত যে, বিএবিএড পাস জুনিয়র শিক্ষক এবং কামিল পাস শিক্ষকগণ তাদের কামিল পাস এবং বিএড পাসের তারিখ হতে ৬২৫/- টাকা যা ১৩৫০/- টাকা বেতন স্কেল পাবেন তা হলেই যথেষ্ট হতো। এরপরও একটা সমস্যা থেকে যায় যে কামিল পাস ধর্মীয় শিক্ষকদের মধ্যে দুটি পদ ছিল যেমন সিনিয়র ক্লাসিক্যাল এবং জুনিয়র ক্লাসিক্যাল এবং তাদের বেতন স্কেল ও ভিন্ন ছিল। সেহেতু সিনিয়র ক্লাসিক্যাল শিক্ষকদের তিনটি এ্যাডভ্যান্স ইনক্রিমেন্ট দেয়া। যাতে তাদের কিছুটা সম্মান বজায় থাকে।

অতএব আমরা শিক্ষামন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে সবিনয় আবেদন জানাচ্ছি যে, বিএড পাস জুনিয়র শিক্ষকদের জন্য যেমন তাদের বিএড পাসের তারিখ হতে উচ্চতর স্কেল প্রদানের আদেশ করা হয়েছে তদ্রুপ কামিল পাস ক্ল্যাসিক্যাল শিক্ষকদের জন্যও তাদের কামিল পাসের তারিখ হতে উক্ত স্কেল প্রদানের নূতন নির্দেশ ও সিনিয়র ক্ল্যাসিক্যাল শিক্ষকদের জন্য তিনটি এ্যাডভান্স ইনক্রিমেন্ট দেয়ার আদেশ জারি করা হোক।

মোঃ আবুল হোসেন